

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৪, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৮ কার্তিক ১৪১২/ ২৩ অক্টোবর ২০০৫

এস. আর. ও নং ২৯২ আইন/২০০৫—যেহেতু The Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ১৩-৮-১৯৯৯ইং তারিখের প্রজ্ঞাপন নং এস. আর. ও ৭৩ আইন/৯৯-শ্রকম-৮/৮(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে এবং উক্ত ঘোষণা অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস. আর. ও নং ৮৭-আইন/২০০৫, তারিখ ১৩-৮-২০০৫ দ্বারা দ্বাদশ বার উক্ত Ordinance এর প্রযোজ্যতা ১৪-৮-২০০৫ইং তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) আরও ৬ (ছয়) মাস বর্ধিত করা হইয়াছে, যাহার মেয়াদ গত ১৩-১০-২০০৫ইং তারিখে শেষ হইয়াছে; এবং

যেহেতু বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা গত ১৪-১০-২০০৫ইং তারিখ (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) হইতে পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

বাষ্ঠপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান আলী সরদার
উপ-সচিব (শ্রম)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৯৬৯৩)

মূল্য : টাকা ২.০০